

## বরানগর পৌরসভায় প্রজাতন্ত্র দিবস উদযাপন

২৬শে জানুয়ারী, ২০১৭, ভারতের ৬৮ তম প্রজাতন্ত্র দিবস। ১৯৫০ সালের এই দিনটিতেই ভারতীয় সংবিধানের আনুষ্ঠানিক প্রকাশ ঘটে যা দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বকে এক অনুপম মাত্রা প্রদান করে এবং ভারতবর্ষ পৃথিবীর বৃহত্তম গনতন্ত্র রূপে বিশ্বের দরবারে প্রতিষ্ঠিত হয়।

## বন্দেমাতরম

প্রজাতন্ত্র দিবসের এই দিনটি তাই ভারতবর্ষের সকল নাগরিকের গনতান্ত্রিক অধিকার এবং নাগরিক হিসাবে দায়িত্ব ও কর্তব্যের প্রতিপালনের অঙ্গীকারাবদ্ধ হবার দিন। বরানগর পৌরসভায় প্রতিবারের মত এবারও প্রজাতন্ত্র দিবস পালিত হল যথোচিত শ্রদ্ধায় এবং ভাবগম্ভীর পরিবেশে।







